



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/ভঃ বিঃ/২০১৯/১৬৮

তারিখ : ০৯-০৫-২০১৯ খ্রিঃ।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৯১-শিক্ষা, তারিখ: ২১-০৪-২০১৯ খ্রিঃ এর আলোকে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত নীতিমালার ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাভুক্ত কলেজ/সমমানের প্রতিষ্ঠানসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১.০ সংজ্ঞা : এই নীতিমালায়—

- ১.১ 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে;
- ১.২ 'কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান' বলতে অত্র শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে;
- ১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য নির্ধারিত আনলাইনে আবেদন ফরম বুঝাবে;
- ১.৪ 'শিক্ষার্থী/প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২.০ ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

- ২.১ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে অনুষ্ঠিত এস. এস. সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ভর্তির ক্ষেত্রে বয়স হবে সর্বোচ্চ ২২ বছর;
- ২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক শিক্ষার্থীর সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথা :
 - ২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
 - ২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং
 - ২.৩.৩ ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি।

৩.০ প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি :

- ৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস. এস. সি. বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে;
- ৩.২ বিভাগীয় এবং জেলা সদরের কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ১০০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে যদি বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত কোন আবেদনকারী থাকে তাহলে মোট আসনের অতিরিক্ত ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও স্ব-স্ব প্রতিষ্ঠানের গভার্নিং বডির সদস্যদের সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি. কে. এস. পি.) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি উপর্যুক্ত কোটায় প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি. কে. এস. পি. এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল মাত্র তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে।

- ৩.৩ ৩.৩.১ সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরী শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করা হবে। তাছাড়া বিভিন্ন সালের গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করা হবে।
- ৩.৩.২ বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/জীব বিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।
- ৩.৩.৩ দফা ৩.৩.২ এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।
- ৩.৩.৪ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের ক্ষেত্রে সমান মোট নম্বর বিষয়টির নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।
- ৩.৩.৫ এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জিপিএ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।
- ৩.৪ এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে স্ব-স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব-স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপ-বিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।
- ৩.৫ কোন কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।
- ৩.৬ কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য ওয়েব সাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
- ৩.৭ সকল কলেজ/উচ্চমাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় তথা শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করতে হবে। কোন প্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয় ও অত্র শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।
- ৪.০ অনলাইনে ভর্তি :
- ৪.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানাঃ www.xiclassadmission.gov.bd।
- ৪.২ অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। SMS-এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং SMS উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীদের মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হবে।
- ৫.০ বিজ্ঞপ্তি, ভর্তি ও ফি :
- ৫.১ অনুচ্ছেদ ৮.২ অনুসরণপূর্বক কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অত্র বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ, শিফট, পুরুষ/মহিলা/সহশিক্ষা, ভার্সন) এবং বোর্ড কর্তৃক নির্ধারিত ভর্তি ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, ভর্তির ন্যূনতম যোগ্যতা ইত্যাদি তথ্য ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করবে।

- ৫.২ অত্র শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। এই বিধানের ব্যত্যয় ঘটলে অত্র শিক্ষা বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৫.৩ অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করবে।
- ৫.৪ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরফর্দ এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এস. এস. সি. বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।
- ৫.৫ ৫.৫.১ সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১০০০/- (এক হাজার) টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২০০০/- (দুই হাজার) টাকা। সিলেট মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না।
- ৫.৫.২ সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে।
- ৫.৫.৩ দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৫.৬ ভর্তি প্রক্রিয়ার পূর্বেই বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে ভর্তি ফিসহ মাসিক বেতন এবং অন্যান্য যাবতীয় খরচ এর লিস্ট স্ব-স্ব কলেজের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।
- ৫.৭ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।
- ৫.৮ শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি গ্রহণ করবে, যথা :


ক্রমিক	বিবরণ	পরিমাণ
১	রেজিস্ট্রেশন ফি	১৩০.০০
২	ক্রীড়া ফি	৩০.০০
৩	রোভার/রেঞ্জার ফি	১৫.০০
৪	রেড ক্রিসেন্ট ফি (২০ টাকার ৪০% = ৮ টাকা)	৮.০০
৫	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
৬	বি. এন. সি. সি ফি	৫.০০
সর্বমোট=		১৯৫.০০

- ৫.৯ শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীদের নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/-টাকার ৬০%) ১২/- টাকা গ্রহণ করবে।
- ৫.১০ প্রতি শিক্ষা প্রতিষ্ঠানকে বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বাবদ ২০০/= (দুইশত) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে।
- ৫.১১ ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের নিকট থেকে শিক্ষার্থী প্রতি বোর্ড উন্নয়ন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করে বোর্ডে প্রেরণ করতে হবে।

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১	পাঠ বিরতি ফি	১৫০.০০
২	বিলম্ব ভর্তি ফি	১০০.০০

- ৫.১২ ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে;
- ৫.১৩ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক নির্ধারিত উল্লিখিত ফি এর বিবরণী সাথে প্রতিষ্ঠান কর্তৃক খাতওয়ারী গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদাভাবে জমা দিতে হবে।





৬.০ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুঃ

ক্রমিক	বিষয়	তারিখ
৬.১	ভর্তির জন্য অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুণঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এ সময়ের মধ্যে আবেদন করতে হবে।)	১২-০৫-২০১৯ থেকে ২৩-০৫-২০১৯ পর্যন্ত
৬.২	আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি	২৪-০৫-২০১৯ থেকে ২৬-০৫-২০১৯ পর্যন্ত
৬.৩	শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	০৩-০৬-২০১৯ থেকে ০৪-০৬-২০১৯ পর্যন্ত
৬.৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	আবেদনের তারিখ থেকে ০৫-০৬-২০১৯ পর্যন্ত
৬.৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১০-০৬-২০১৯ খ্রিঃ
৬.৬	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১১-০৬-২০১৯ থেকে ১৮-০৬-২০১৯ পর্যন্ত
৬.৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৯-০৬-২০১৯ থেকে ২০-০৬-২০১৯ পর্যন্ত
৬.৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	২১-০৬-২০১৯ খ্রিঃ
৬.৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১-০৬-২০১৯ খ্রিঃ
৬.১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২২-০৬-২০১৯ থেকে ২৩-০৬-২০১৯ পর্যন্ত
৬.১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	২৪-০৬-২০১৯ খ্রিঃ
৬.১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	২৫-০৬-২০১৯ খ্রিঃ
৬.১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৫-০৬-২০১৯ খ্রিঃ
৬.১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২৬-০৬-২০১৯ খ্রিঃ
৬.১৫	ভর্তি	২৭-০৬-২০১৯ থেকে ৩০-০৬-২০১৯ পর্যন্ত
৬.১৬	ক্লাস শুরু	১ জুলাই, ২০১৯ খ্রিঃ
৬.১৭	'সোনালী সেবা' পদ্ধতিতে কলেজ কর্তৃক বোর্ডের সকল ফি ব্যাংকে জমা প্রদান	২৯-০৭-২০১৯ থেকে ০১-০৮-২০১৯ পর্যন্ত
৬.১৮	ভর্তিকৃত শিক্ষার্থীগণের টট লিস্ট, ফি জমাদানের রসিদ ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ মার্কসিট বোর্ডে জমা দেয়ার তারিখ	সিলেট জেলার সদর উপজেলা ২৫-০৮-২০১৯ খ্রিঃ। সিলেট জেলার সদর উপজেলা ব্যতিত অন্যান্য উপজেলা ২৬-০৮-২০১৯ খ্রিঃ। হবিগঞ্জ জেলা ২৭-০৮-২০১৯ খ্রিঃ। সুনামগঞ্জ জেলা ২৮-০৮-২০১৯ খ্রিঃ। মৌলভীবাজার জেলা ২৯-০৮-২০১৯ খ্রিঃ।

* প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে ফি এর টাকা প্রেরণের ক্ষেত্রে অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে সোনালী সেবা'র ফরম সংগ্রহপূর্বক সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে "সোনালী সেবা" পদ্ধতিতে জমা করতঃ মূল রশিদ হিসাব শাখায় জমা দিতে হবে এবং খাতওয়ারী হিসাব বিরণীসহ ফি জমাদানের রশিদের কপি কলেজ শাখায় জমা দিতে হবে।

* শিক্ষার্থীদের টট লিস্ট অবশ্যই নির্ধারিত ছক মোতাবেক কম্পিউটারে কম্পোজ করে অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে। কম্পিউটার কম্পোজ ব্যতীত টট লিস্ট কোনক্রমেই গ্রহণ করা হবে না।

৭.০ কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ইত্যাদি :

- ৭.১ অত্র শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেওয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারির বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরিজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।
- ৭.২ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এস. এস. সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখা যাবে না।

৮.০ অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ :

- ৮.১ পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। এ ব্যাপারে অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বনের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল;
- ৮.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে অননুমোদিত কোন শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৯.০ নীতিমালা প্রবর্তন ও প্রয়োগ :

- ৯.১ অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।
- ৯.২ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিও ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

০২-১১-১ ৭.৫.১৭

চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/ভঃ বিঃ/২০১৯/১৬৮

তারিখ : ০৯-০৫-২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট।
৪. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৬. অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন অননুমোদিত সকল কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষগণ।
৭. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১০. সংরক্ষণ নথি।



কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোন : ০৮২১-৮৪০০৮৬



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

একাদশ শ্রেণির ফি সংক্রান্ত তথ্যাবলী

কলেজের নামঃ.....

ডাকঘরঃ উপজেলাঃ জেলাঃ

কলেজ কোডঃ EIIN

স্বীকৃতি/প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের তারিখঃ

এতদসঙ্গে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিলম্ব ফি ব্যতীত/বিলম্ব ফিসহ একাদশ শ্রেণিতে ভর্তিকৃত সর্বমোট জন ছাত্র/ছাত্রীর নিবন্ধন বিবরণী প্রেরণ করা হলোঃ

ক্রমিক নং	শাখার নাম	শিক্ষার্থীর সংখ্যা		মোট শিক্ষার্থী	সর্বমোট শিক্ষার্থী
		ছাত্র	ছাত্রী		
০১	বিজ্ঞান				
০২	মানবিক				
০৩	ব্যবসায় শিক্ষা				

দাখিলকৃত ফি এর বিবরণী

ক্রমিক নং	ফি এর খাত	টাকার পরিমাণ	ছাত্র/ছাত্রীর সংখ্যা	টাকার পরিমাণ (মোট)	প্রদত্ত টাকার পরিমাণ	সর্বমোট টাকার পরিমাণ
০১	পাঠ বিরতি ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১৫০		১৫০x		
০২	বোর্ড উন্নয়ন ফি	৫০		৫০x		
০৩	বিলম্ব ভর্তি ফি	১০০		১০০x		
০৪	বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি কলেজ)	২০০		২০০x১	২০০/-	

টাকার পরিমাণ (অংকে)ঃ.....

টাকার পরিমাণ (কথায়)ঃ.....

সোনালী সেবা রশিদ নং :..... তারিখঃ

সোনালী ব্যাংকের শাখাঃ বোর্ডে জমাদানের তারিখঃ

উপরোক্ত ব্যাংক রশিদ গ্রহণ করা হলো।

গ্রহণকারী
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
তারিখ ও সীলমোহর



BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, SYLHET
STUDENT'S INFORMATION LIST FOR REGISTRATION
SESSION : 2019 – 2020

COLLEGE NAME: _____ COLLEGE CODE: _____ EINN: _____

POST OFFICE: _____ UPOZILLA: _____ ZILLA: _____

SL. NO	STUDENT'S NAME, FATHER'S NAME MOTHER'S NAME	MALE/FEMA LE AND GROUP	ADMISSION DATE, CLASS ROLL AND NO OF RANK	SSC REGL. NO. AND SESSION	SSC BOARD, ROLL NO, PASS. YEAR	ELECTIVE SUBJECT CODE NO.	OPTIONAL SUBJECT CODE NO.	STUDENT'S SIGNATURE

Signature of Princip
Date & Seal